# Times Today BD

বিনোদন ডেস্ক | বিনোদন | 16 July, 2025

হিন্দি চলচ্চিত্রের জনপ্রিয় জুটি সিদ্ধার্থ মালহোত্রা ও কিয়ারা আদভানি বাবা-মা হলেন। মঙ্গলবার সকালে মুম্বাইয়ের একটি হাসপাতালে জন্ম নেন তাদের প্রথম সন্তান– কন্যা।আনন্দবাজার অনলাইনের খবরে এ তথ্য জানানো হয়েছে।

গত কয়েক দিন ধরেই কিয়ারার হাসপাতাল যাতায়াত ছিল নিয়মিত। সাদা ছাতা দিয়ে নিজেকে আড়াল করে চলাফেরা করলেও, সন্তান আগমনের আভাস মিলছিল বহু আগে থেকেই।গত মে মাসে মেটা গালায় স্ফীত উদর নিয়ে কিয়ারা যখন লালগালিচায় হাঁটেন, তখন থেকেই গুঞ্জন শুরু হয়।এরপর একটি ইনস্টাগ্রাম পোস্টে ছোট্ট একটি সাদা বেবি মোজা দিয়ে ইঙ্গিতও দিয়েছিলেন তারা– "আমাদের জীবনের সেরা উপহার, শিগগিরই আসছে।"

আজ মঙ্গলবার সকালে হাসপাতালের বাইরে দেখা গেছে সিদ্ধার্থের মা ও কিয়ারার বাবা-সহ পরিবারের অন্য সদস্যদের। জানা গেছে, মা ও নবজাতক দুজনই সুস্থ আছেন।

সিদ্ধার্থ ও কিয়ারার প্রেম শুরু হয় ২০১৮ সালে, একটি পার্টিতে পরিচয়ের মাধ্যমে।এরপর ধীরে ধীরে সম্পর্ক গভীর হয়।২০১৯ সালের নতুন বছরের ছুটি কাটাতে একসঙ্গে দক্ষিণ আফ্রিকায় গিয়েছিলেন তারা, যদিও সে সময় বিষয়টি আনুষ্ঠানিকভাবে স্বীকার করেননি।

২০২১ সালে মুক্তি পায় তাদের প্রথম জুটি বাঁধা ছবি 'শেরশাহ', যেখানে ক্যাপ্টেন বিক্রম বাত্রার ভূমিকায় সিদ্ধার্থ এবং তাঁর প্রেমিকা ডিম্পলের চরিত্রে কিয়ারা অভিনয় করেন। এই ছবির মাধ্যমে শুধু পর্দায় নয়, বাস্তব জীবনেও আরও কাছাকাছি আসেন তারা।

২০২৩ সালের ফেব্রুয়ারিতে রাজস্থানের জয়সলমেরে রাজকীয় আয়োজনে বিয়ের বন্ধনে আবদ্ধ হন সিদ্ধার্থ-কিয়ারা। সেই সংসারে এ বার নতুন অতিথি এল।এখন দুই থেকে তিন হলেন তারা– সিড, কিয়ারা এবং তাঁদের কন্যা।

চলচ্চিত্রের জনপ্রিয় এই জুটির পরিবারে নতুন সদস্যের আগমনে অনুরাগীদের মাঝে আনন্দের জোয়ার বইছে।

সিদ্ধার্থ মালহোত্রা কিয়ারা আদভানি

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 19 July, 2025 02:06

URL: https://timestodaybd.com/public/entertainment/4838775807